দৈনিক আমাদের সময়

তারিখ 2 6 MAR 2018
পৃষ্ঠা ১ কলাম ৮

# পরীক্ষার ২৫ মিনিট আগে ঠিক হবে প্রশ্নের সেট

নিজস্ব প্রতিবেদক ● ফাঁস ঠেকাতে আসন্ন এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে লটারির মাধ্যমে প্রশ্নপত্রের সেট নির্ধারণ করা হবে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন গতকাল সচিবালয়ে সাংবাদিকদের উপস্থিতিতে এক

এরপর পৃষ্ঠা ১৫. কলাম ৩

## পরীক্ষার ২৫ মিনিট

(প্রথম পৃষ্ঠার পর) সভায় এ কথা জানান।

তিনি বলেন– পরীক্ষার ২৫ মিনিট আগে (প্রশ্নের) সেট নির্ধারিত হবে, লটারির মাধ্যমে ঢাকা বোর্ড সেট নির্ধারণ করবে। এসএসসির মতো এইচএসসিতেও পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীদের বাধ্যতামূলকভাবে হলে বসতে হবে।

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হবে ২ এপ্রিল; তত্ত্বীয় পরীক্ষা চলবে ১৩ মে পর্যন্ত। এ পরীক্ষাকে সামনে রেখেই আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধি, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং শিক্ষা বোর্ডের প্রতিনিধিদের নিয়ে গতকাল বৈঠক করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর ছাড়াও শিক্ষা মন্ত্রণালয়ের অধীন দুটি বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারা এতে অংশ নেন।